

২২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

ড্যানিয়েল এম. ডি স্টেফানো (Danielle M. De Stefano) (C, I)

হাই। আমার নাম Danielle De Stefano। সিটি কাউন্সিল ২২তম ডিস্ট্রিক্টে আমি একজন প্রার্থী। এটি এস্টোরিয়া, যা দীর্ঘ দ্বীপ নগরী ইস্ট এমহাস্ট জ্যাকসন হাইটস্ এবং বিশাল বনাঞ্চলের চারিদিকে বেষ্টিত। স্বতন্ত্র প্রার্থী হিসেবে লড়াই করছি, তবে গর্বের বিষয় হলো রক্ষণশীল দল আমাকে সমর্থন বাচক দৃষ্টিভঙ্গী ব্যক্ত করেছে। আমি প্রার্থী হয়েছি কারণ আমি মনে করি আমিই একমাত্র প্রার্থী যিনি ভোটারদের আশা, আকাংখা ও স্বপ্নের ভাষা বোঝে। আমি এস্টোরিয়ানে বংশানুক্রমিক ৪র্থ ব্যক্তি এবং আমার স্বামী একজন গ্রীক অভিবাসীর সন্তান যিনি এদেশে এসেছিলেন একটি উন্নত জীবনের সন্ধানে। বিষয়গুলো আমার বিবেচনায় অতীত গুরুত্ববহ এবং আমার বিশ্বাস এটা ২২তম ডিস্ট্রিক্ট এর সকলের কাছেই গুরুত্বপূর্ণ যে, এখানকার জননিরাপত্তা, আবাসন ও ওয়ার্ক ষ্ট্যাডি নিতান্তই দুশ্চিন্তার কারণ। আমি আমাদের লোকদের জীবন যাত্রা নিয়েই শুধু ভাবছি না আমার চিন্তা চেতনায় রয়েছে এই লোকগুলোর জীবনের মানোন্নয়ন। এই কাজটি করতে যে ত্যাগ ও একাগ্রতা দরকার, আমার দুটোই আছে। আমি স্বীকার করি, যে কাজে আমি হাত দিয়েছি এটি একটি মহান ও কার্যসাম্য কাজ। এখানে আমার প্রত্যয় আমি জনগনের প্রত্যাশা পূরণে আমি সর্বশক্তি নিয়োগ করবো যাদেরকে আমি ভালোবাসি। দেখুন না কোথায় দাড়িয়ে আমি এ প্রত্যয় ব্যক্ত করছি। আমি একজন মা, একজন গৃহিণী, একজন প্রশিক্ষক এবং একজন পরামর্শক। আমি মনে করি আমার গুণগুলোকে আমি কাজে লাগিয়ে তার সাথে অন্য যে সামর্থ্য রয়েছে যুক্ত করে জনগনের সেবায় রত করা যায় এবং আমার এ আরাধ্য বাস্তবায়নে আশা করার ২২তম কাউন্সিল ডিস্ট্রিক্ট এর নগরবাসী আমার পাশে থাকবে। আমি আশা করি আপনাদের ভোট পাবো।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*